# গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২
## রাজেন্দ্রপুর, গাজীপুর।

**জীপ গাড়ী নং-গাজীপুর ঘ-১১-০০৫৬ এর যন্ত্রাংশ পরিবর্তন ও মেরামতের** দরপত্র দলিল

Tender Package No: Gazi2-W-24-25-077-48

প্রতিষ্ঠানের নামঃ....................................................

ঠিকানা...........................................................

...............................................................

ডিডি/পে-অর্ডার নং..................................................

তারিখ ঃ.........................................................

গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২
Gazipur Palli Bidyut samity-2
pbs2.gazipur.gov.bd

সদর দপ্তর
রাজেন্দ্রপুর, গাজীপুর
টেলিফোন : ০২-৯২০১৭৮৩
E-mail: gazipbs2@gmail.com

স্মারক নং :- ২৭.১২.৩৩৩০.৫৭৭.০১.০৩৮.২৫. ২৩১৮ তারিখ: ২৪/০৬/২৫ খ্রিঃ।

**জীপ গাড়ী নং-গাজীপুর-ঘ-১১-০০৫৬ এর যন্ত্রাংশ পরিবর্তন ও মেরামতের দরপত্র বিজ্ঞপ্তি (LTM)**

**Tender Package No: Gazi2-W-24-25.077.48**

অত্র পবিসের জীপ গাড়ী নং-গাজীপুর-ঘ-১১-০০৫৬ এর যন্ত্রাংশ পরিবর্তন ও মেরামতের লক্ষ্যে সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM) পবিসের বিদ্যমান তালিকাভুক্ত প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে "নির্ধারিত সিডিউল" এ সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

**শর্তাবলীঃ**

০১। আগ্রহী দরদাতাগণ অফিস চলাকালীন সময়ে উল্লেখিত ঠিকানা হতে অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে পারবেন এবং দরপত্র বিজ্ঞপ্তি অত্র পবিস এর ওয়েব সাইট www.pbs2.gazipur.gov.bd এ দেখতে পারবেন।

০২। **দরপত্র (LTM) জমা দেওয়ার তারিখ ও সর্বশেষ সময়ঃ**
আগামী০৭/০৭/২৫ খ্রিঃ তারিখ রোজ সোমবার বেলা ১২:০০ ঘটিকা পর্যন্ত।

০৩। **দরপত্র (LTM) জমা দেওয়ার স্থানঃ**
সিনিয়র জেনারেল ম্যানেজার, গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২, রাজেন্দ্রপুর, গাজীপুর।

০৪। **দরপত্র (LTM) খোলার তারিখ, সময় ও স্থানঃ**
আগামী ০৭/০৭/২০২৫ খ্রিঃ তারিখ রোজ সোমবার বেলা ১২:৩০ ঘটিকায় সিনিয়র জেনারেল ম্যানেজার, গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২, রাজেন্দ্রপুর, গাজীপুর- এ উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

০৫। সীলগালাকৃত খামের উপরিভাগে **"জীপ গাড়ী নং-গাজীপুর-ঘ-১১-০০৫৬ এর যন্ত্রাংশ পরিবর্তন ও মেরামত"** কথাটি স্পষ্টাক্ষরে লিখতে হবে।

০৬। প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে সীলমোহর ও স্বাক্ষর সংযুক্ত করে সীলগালা ব্যবহার পূর্বক দর দাখিল করতে হবে।

০৭। **দরপত্রে উদ্ধৃত একক দর ও মোট দর প্রতিষ্ঠানের প্যাডে হতে হবে, অন্যথায় দরপত্র বাতিল করা হবে।** কোন প্রকার কাটাকাটি ঘষামাজা এবং ফ্লুইড ব্যবহার গ্রহণযোগ্য হবে না। দরপত্রে একক দর ও মোট উদ্ধৃত্ত দরের মধ্যে কোন গাণিতিক ভুল থাকলে সর্বক্ষেত্রে একক দর গ্রহণযোগ্য দর হিসাবে বিবেচনা করা হবে।

০৮। অসম্পন্ন দরপত্র বাতিল বলে গণ্য হবে। ডাক/কুরিয়ার যোগে কোন দরপত্র গ্রহণ করা হবে না।

১০। দরপত্র দাখিলের পূর্বে প্রয়োজনে পূর্ত কাজের স্থান ও পরিধি অফিস চলাকালীন সময়ে সরেজমিনে পরিদর্শন করা যাবে।

১১। দরদাতা প্রতিষ্ঠানকে দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, ব্যাংক সলভেন্সী, আয়কর, ভ্যাট রেজিস্ট্রেশন ও অভিজ্ঞতা (যদি থাকে) সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। অসম্পূর্ন দরপত্র বাতিল বলে গণ্য হবে।

১২। কার্যাদেশ প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে ৩০০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তি সম্পাদন করতে হবে।

১৩। দাখিলকৃত মোট বিল হতে নিয়মানুযায়ী আয়কর ও ভ্যাট কর্তন করা হবে।

১৪। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন/ সকল দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

১৫। দরপত্রের শর্তাবলীতে উল্লেখ নেই এমন যে কোন ক্ষেত্রে সমিতি ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২৪/৬/২০২৫
(এম.এম. আবুল কালাম আজাদ)
সিনিয়র জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ জেষ্ঠতার ক্রমানুসারে নয়। (প্রযোজ্য ক্ষেত্রে বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানানোর অনুরোধ সহ)**

০১। **পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।**
০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা (উত্তর), বাপবিবো, ঢাকা।
০৩। **সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।** (বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
০৪। **জেলা প্রশাসক, গাজীপুর।**
০৫। **পুলিশ সুপার, গাজীপুর।**
০৬। **নির্বাহী প্রকৌশলী, বাপবিবো/ এলজিইডি/ সড়ক ও জনপথ, গাজীপুর।**
০৭। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ................................ পবিস-১/২/৩/৪।
০৮। ডিজিএম,সদর-কারিগরী/ কাপাসিয়া জোনাল অফিস, **গাজীপুর** পবিস-২।
০৯। এজিএম (অর্থ/এমএস/ওএন্ডএম-সদর)/মির্জাপুর/আমরাইদ/ভবানীপুর সাব-জোনাল অফিস, **গাজীপুর** পবিস-২।
১০। মেসার্স ..........................................................................।
১১। নোটিশ বোর্ড, **গাজীপুর** পবিস-২।

২৪/৬/২০২৫
(এম.এম. আবুল কালাম আজাদ)
সিনিয়র জেনারেল ম্যানেজার

# দরদাতার প্রতি নির্দেশাবলী

**০১। দরপত্র দলিল**

ক্রয়তব্য মালামাল , দরপত্র পদ্ধতি এবং চুক্তির শর্তাবলী এই দরপত্র দলিলে বর্ণনা করা হইয়াছে। দরপত্র বিজ্ঞপ্তি ছাড়াও এই দরপত্র দলিলের অন্তর্ভূক্ত হইবে নিম্নোক্ত অংশগুলি ঃ

(ক) দরদাতার প্রতি নির্দেশাবলী
(খ) ক্রয়তব্য মালামালের স্পেসিফিকেশন
(গ) দরপত্র ফরম
(ঘ) মূল্য তালিকা
(ঙ) সরবরাহ সময়সীমা তালিকা
(চ) দরপত্র দলিল ক্রয়ের রশিদ

**০২। দরপত্র দলিল স্পষ্টায়ন**

দরপত্র দলিলের কোন বিধান সম্ভাব্য দরদাতাদের কাছে অস্পষ্ট প্রতীয়মান হলে তা স্পষ্টায়নের জন্য ক্রেতার ঠিকানায় লিখিতভাবে অনুরোধ জানানো যাইতে পারে। তবে ঐ অনুরোধ অবশ্যই দরপত্র দাখিলের সর্বশেষ তারিখের কমপক্ষে ৭ (সাত) দিন পূর্বে ক্রেতার নিকট পৌছাইতে হইবে। ক্রেতা লিখিতভাবে সম্ভাব্য দরদাতার অনুরোধ অনুযায়ী সংশ্লিষ্ট বিষয় স্পষ্টায়ন করিবেন।

**০৩। দরপত্র দলিলের সংশোধন**

দরপত্র দাখিলের সর্বশেষ সময়ের পূর্বে যে কোন সময় ক্রেতা তার নিজ উদ্যোগে অথবা সম্ভাব্য দরদাতার অনুরোধে দরপত্র দলিলের যে কোন বিধান সংশোধন করিতে পারিবেন। তবে যে সকল সম্ভাব্য দরদাতা ঐ সময়ে দরপত্র দলিল সংগ্রহ করিয়াছেন তাহাদেরকে লিখিতভাবে উক্ত সংশোধন জানানো হইবে এবং তাহা অনুসরণ করা দরদাতাদের জন্য বাধ্যতামূলক হইবে।

## দরপত্র তৈরী

**০৪। যে সকল দলিল দ্বারা দরপত্র তৈরী হইবে**

দরদাতা কর্তৃক দাখিলতব্য দরপত্র অবশ্যই নিম্নোক্ত দলিলসমূহ লইয়া তৈরী হইবে ঃ

(ক) স্পেসিফিকেশন ও মূল্য তালিকা (পরিশিষ্ট - ক)
(খ) পূরণকৃত সরবরাহ সময়সীমা তালিকা (পরিশিষ্ট - খ)
(গ) পূরণকৃত দরপত্র ফরম (পরিশিষ্ট - গ)
(ঘ) বিজ্ঞপ্তিতে উল্লেখিত কাজের অভিজ্ঞতা সনদপত্র
(ঙ) হাল নাগাদ ট্রেড লাইসেন্স, ব্যাংক সলভেন্সী, আয়কর, ভ্যাট রেজিস্ট্রেশন এর সত্যায়িত অনুলিপি।

**০৫। দরপত্র জামানত**

**দরপত্রের সহিত দরদাতাকে ৭,০০০.০০ (সাত হাজার) টাকা দরপত্র জামানত হিসাবে দাখিল করিতে হইবে।** উক্ত দরপত্র জামানত বাংলাদেশী যে কোন তফসীলি ব্যাংক হইতে গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর অনুকূলে পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট এর মাধ্যমে প্রদান করা যাইবে। কোন দরপত্রের সাথে প্রয়োজনীয় অংকের দরপত্র জামানত দাখিল না করিলে উক্ত দরপত্র নন-রেসপনসিভ হিসাবে বিবেচিত হইবে। ব্যর্থ দরদাতাদের দরপত্র জামানত যথাশীঘ্র সম্ভব ফেরৎ প্রদান করা হইবে। তবে কোন অবস্থায় দরপত্রের মেয়াদ উত্তীর্ণ হওয়ার ৩০ দিনের অতিরিক্ত অতিক্রান্ত হইবে না।

<u>দরপত্র জামানত বাজেয়াপ্ত হইয়া যাইবে যদি</u>

ক) দরপত্রের মেয়াদ বহাল থাকা অবস্থায় কোন দরদাতা তাহার দরপত্র প্রত্যাহার করেন ; অথবা
খ) ১৩.১ ধারা অনুযায়ী উদ্ধৃত দরের কোন সংশোধন গ্রহণে দরদাতা অস্বীকৃতি জানান;
গ) **কার্যাদেশে বর্ণিত সম্পূর্ণ মালামাল সন্তোষজনকভাবে সরবরাহ ও প্রাপ্তি রশিদ প্রস্তুতের ০৬ (ছয়) মাস পর সফল দরদাতার দরপত্র জামানত ফেরত প্রদান করা হইবে।**

**০৬। দরপত্রের মেয়াদ**

দরপত্র দাখিলের তারিখ হইতে ৯০ (নব্বই) দিন পর্যন্ত দরপত্রের মেয়াদ বহাল থাকিতে হইবে। দরপত্রের মেয়াদ ৯০ (নব্বই) দিন এর কম সময়ের জন্য হইলে দরপত্র নন-রেসপনসিভ বিবেচনা করিয়া বাতিল করা হইবে। বিশেষ এবং ব্যতিক্রমী পরিস্থিতিতে ক্রেতা দরদাতাকে দরপত্রের মেয়াদ বাড়ানোর অনুরোধ জানাইতে পারেন। এই অনুরোধ এবং এর প্রতি দরদাতার সাড়া অবশ্যই লিখিত ভাবে হইতে হইবে। তবে দরদাতা দরপত্রের মেয়াদ বাড়ানোর অনুরোধ প্রত্যাখান করিতে পারেন।

**০৭। দরপত্র স্বাক্ষর**

দরপত্রের প্রত্যেক পৃষ্ঠায় দরদাতা অথবা তাহার উপযুক্ত প্রতিনিধির স্বাক্ষর ও সীল থাকিতে হইবে। দরপত্রে কোনরূপ কাটাকাটি, ঘষামাজা করা হইলে তাহা দরপত্র স্বাক্ষরকারী কর্তৃক অনুস্বাক্ষরিত হইতে হইবে।

গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ রাজেন্দ্রপুর, গাজীপুর

## দরপত্র দাখিল

০৮। **দরপত্র বন্ধকরণ ও চিহ্নিত করণ**

দরদাতা তার দরপত্রটি খামে বন্ধ করিবেন এবং খামের উপরে দরপত্র নাম্বার উল্লেখ করিবেন। খামের উপরে ক্রেতার ঠিকানা এবং দরপত্র খোলার সর্বশেষ সময়সীমার পূর্বে (০৭/০৭/২০২৫ খ্রীঃ তারিখ দুপুর ১২:৩০ ঘটিকা ) দরপত্র 'খোলা যাইবে না' মর্মে লিখিতে হইবে।

০৯। **দরপত্র দাখিলের সময়সীমা**

দরপত্র অবশ্যই ০৭/০৭/২০২৫ খ্রীঃ তারিখ বেলা ১২.০০ ঘটিকার সময় বা তার পূর্বে ক্রেতা বা তার প্রতিনিধি কর্তৃক গৃহীত হইতে হইবে। ক্রেতা প্রয়োজন মনে করিলে দরপত্র দলিলের সকল শর্ত অপরিবর্তিত রাখিয়া দরপত্র গ্রহণের সময়সীমা বৃদ্ধি করিতে পারেন।

১০। **দেরীতে দাখিলকৃত দরপত্র**

ক্রেতা কর্তৃক নির্ধারিত সময়সীমার পরে দাখিলকৃত সকল দরপত্র বাতিল করা হইবে এবং বন্ধ অবস্থায় দরদাতাকে ফেরৎ প্রদান করা হইবে।

## ক্রেতা কর্তৃক দরপত্র খোলা ও মূল্যায়ন

১১। **ক্রেতা কর্তৃক দরপত্র খোলা**

নির্ধারিত তারিখ ও সময়ে দরদাতাগণের প্রতিনিধিদের উপস্থিতিতে (যদি কেহ থাকেন) দরপত্র দলিল উন্মুক্ত করণ কমিটি কর্তৃক দরপত্র সমূহ খোলা হইবে। দরদাতাগণের প্রতিনিধিগণ উপস্থিত থাকিলে অবশ্যই তাহারা উপস্থিতি তালিকায় স্বাক্ষর করিবেন। দরপত্র খোলার সময় ক্রেতা দরদাতার নাম, ঠিকানা, উদ্ধৃত মূল্য, দরপত্র জামানতের পরিমাণ এবং ক্রেতার মতে প্রয়োজনীয় অন্যান্য বিষয় ঘোষণা করিবেন এবং লিপিবদ্ধ করিবেন। ৯ অনুচ্ছেদ অনুযায়ী দেরীতে দাখিলকৃত দরপত্র ব্যতীত দরপত্র খোলার সময় অন্য কোন দরপত্র বাতিল ঘোষণা করা যাইবে না।

১২। **দরপত্র স্পষ্টায়ন**

দরপত্র মূল্যায়নকালে ক্রেতা প্রয়োজন মনে করিলে যে কোন দরদাতার নিকট তাহার দরপত্রের উপর ব্যাখ্যা চাহিতে পারেন। তবে এই ধরণের ব্যাখ্যা এবং তার বিপরীতে সাড়া অবশ্যই লিখিতভাবে হইতে হইবে । এ ছাড়াও উদ্ধৃত মূল্যের পরিবর্তন অথবা দরপত্রের মূল বিষয়ের উপর কোন ব্যাখ্যা ক্রেতা চাহিতে পারিবেন না অথবা দরদাতা প্রস্তাব করিতে পারিবেন না বা প্রস্তাব করার অনুমতি দেওয়া হইবে না।

১৩। **প্রাথমিক যাচাই বাছাই**

১৩.১ ক্রেতা গৃহীত দরপত্রসমূহ প্রাথমিক যাচাই বাছাইকালে দরপত্র দলিলের শর্তাদি অনুযায়ী দরপত্রসমূহ পূর্ণাঙ্গ কি না , প্রয়োজনীয় দরপত্র জামানত দাখিল করা হইয়াছে কি না , দরপত্র যথাযথভাবে স্বাক্ষরিত কি না , গাণিতিক কোন ভুল আছে কি না ইত্যাদি বিষয়ে নিশ্চিত হইবেন। গাণিতিক কোন ভুল থাকিলে নিম্নোক্তভাবে তা সংশোধন করা হইবে ঃ

উদ্ধৃত একক মূল্যকে পরিমাণ দ্বারা গুণ করিয়া প্রাপ্ত মোট মূল্য এবং উদ্ধৃত মোট মূল্যের মধ্যে কোন গরমিল দেখা দিলে সেই ক্ষেত্রে একক মূল্য বহাল থাকিবে এবং সেই অনুযায়ী মোট মূল্যকে সংশোধন করা হইবে। অংকে উদ্ধৃত মূল্য এবং কথায় উদ্ধৃত মূল্যের মধ্যে কোন গরমিল দেখা দিলে সেই ক্ষেত্রে কথায় উদ্ধৃত মূল্য বহাল থাকিবে।

১৩.২ দরপত্রে যে কোন ধরণের ছোট খাট ত্রুটি, অনিয়ম ক্রেতা উপযুক্ত মনে করিলে উপেক্ষা করিতে পারেন যদি এ ধরণের ছোট খাট ত্রুটি/অনিয়ম কোন বড় ধরণের বিচ্যুতি হিসাবে বিবেচিত না হয়। বড় ধরণের বিচ্যুতি বলিতে উদাহরণ স্বরূপ, প্রয়োজনীয় অংকের দরপত্র জামানত দাখিল না করা, দরপত্র ফরম তথা দরপত্রের অন্যান্য প্রয়োজনীয় অংশ দরদাতা কর্তৃক স্বাক্ষরিত না হওয়া, মালামাল সরবাহের নির্ধারিত সময়সীমার মধ্যে দরদাতা কর্তৃক মালামাল সরবরাহের প্রস্তাব না করা ইত্যাদি বুঝাইবে।

১৪। **দরপত্র মূল্যায়ন ও তুলনাকরণ**

গৃহীত দরপত্রসমূহ ১৩ অনুচ্ছেদ অনুযায়ী যাচাই বাছাইকালে সর্বোতভাবে বিবেচিত রেসপনসিভ দরপত্রসমূহ ক্রেতা মূল্যায়ন ও তুলনা করিবেন।

গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২
রাজেন্দ্রপুর, গাজীপুর

# কার্যাদেশ প্রদান

| | | |
|---|---|---|
| ১৫। | কার্যাদেশ প্রদানের নির্ণায়ক | ১৭ অনুচ্ছেদ সাপেক্ষে , ক্রেতা সফল দরদাতা অর্থাৎ যাহার দরপত্র সর্বোতভাবে রেসপনসিভ এবং মূল্যায়িত সর্বনিম্ন দরপত্র হিসাবে বিবেচিত হইবে তাঁহাকে কার্যাদেশ প্রদান করিবেন। |
| ১৬। | কার্যাদেশ প্রদানের সময় মালামালের পরিমাণ বাড়ানো /কমানোর ব্যাপারে ক্রেতার অধিকার | ঃ কার্যাদেশ প্রদানের সময় মালামালের পরিমাণ দরপত্র দলিলের "মালামালের স্পেসিফিকেশন ও মূল্য তালিকায়" উল্লেখিত মালামাল হইতে হ্রাস/বৃদ্ধি করার অধিকার ক্রেতা সংরক্ষণ করেন। তবে এই হ্রাস/বৃদ্ধির পরিমাণ ২০ (কুড়ি) শতাংশের অধিক হইবে না। দরপত্র দলিলের 'মূল্য ও মালামাল তালিকায়' উল্লেখিত মালামালের ধরণ একাধিক হইলে এবং সকল ধরণের মালামাল ক্রেতা সমহারে হ্রাস/বৃদ্ধির প্রয়োজন মনে না করিলে সেই ক্ষেত্রে ভিন্ন ভিন্ন হারে হ্রাস/বৃদ্ধি করিতে পারিবেন তবে মোট হ্রাস/বৃদ্ধির পরিমাণ কোন অবস্থায় সফল দরদাতার উদ্ধৃত মূল্যের ২০ (কুড়ি) শতাংশ অতিক্রম করিতে পারিবে না। |
| ১৭। | ক্রেতার যে কোন অথবা সকল দরপত্র গ্রহণ / প্রত্যাখান করার অধিকার | ক) কার্যাদেশ প্রদানের পূর্ব পর্যন্ত ক্রেতা যে কোন দরপত্র গ্রহণ/প্রত্যাখান করা অথবা দরপত্র প্রক্রিয়া বাতিল অথবা সকল দরপত্র প্রত্যাখান করার অধিকার সংরক্ষণ করেন এবং এ কারণে ক্ষতিগ্রস্থ দরদাতা বা দরদাতাগণের নিকট ক্রেতার কোন দায়বদ্ধতা সৃষ্টি হইবে না।<br>খ) শর্তাবলীতে উল্লেখ নাই এমন যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হইবে।<br>গ) কোনরূপ কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার অধিকার কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত। |
| ১৮। | NOA প্রদান ও কার্য সম্পাদন, জামানত ও চুক্তি সম্পাদন | দরপত্রের মেয়াদ উত্তীর্ণ হইবার পূর্বেই ক্রেতা সফল দরদাতাকে লিখিতভাবে NOA প্রদান করতঃ চুক্তি সম্পাদন করিবেন। NOA গৃহীত হওয়ার পর কার্যাদেশ মূল্যের ৫% হারে কার্যসম্পাদন জামানত (Performance Security) জমা দিতে হবে। NOA ইস্যুর ২৮ দিনের মধ্যে চুক্তি সম্পাদিত হবে। |
| ১৯। | নিশ্চয়তা কাল | মালামাল সরবরাহের ৬ মাসের মধ্যে কোন ত্রুটি পরিলক্ষিত হইলে বা হইয়াছে বলিয়া প্রমাণিত হইলে সরবরাহকারীকে ক্রেতার নির্দেশ অনুযায়ী অনধিক ৭ দিনের মধ্যে ত্রুটিমুক্ত করিতে হইবে। |
| ২০। | মালামাল সরবরাহের পর প্রয়োজনীয় দলিলাদি দাখিল করা ও মূল্য পরিশোধ | ঃ সন্তোষজনকভাবে মালামাল সরবরাহের পর নিম্নবর্ণিত দলিলাদি দাখিল করা সাপেক্ষে সরবরাহকৃত মালামালের ১০০% মূল্য গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ কর্তৃক পরিশোধ করা হইবে ঃ<br>ক) সরবরাহকৃত মালামালের বিবরণ , পরিমাণ , একক মূল্য এবং মোট পরিশোধযোগ্য মূল্য সম্বলিত ২ (দুই) কপি ইনভয়েস;<br>খ) পবিস পরিদর্শক(গণ) কর্তৃক সরবরাহকৃত মালামাল/ কাজের উপর প্রদত্ত সন্তোষজনক পরিদর্শন প্রতিবেদন;<br>গ) চালান এর প্রত্যায়িত কপি এবং<br>ঘ) প্রাপ্তি রশিদ এর কপি<br>কোন অগ্রীম পরিশোধ করা হইবে না। মালামালের মূল্য পরিশোধের সময় মালামালের বিল হইতে নিয়মানুযায়ী আয়কর ও ভ্যাট কর্তন করা হইবে। |
| ২১। | শুল্ক ও কর পরিশোধ | সরবরাহ সময়সীমা তালিকায় বর্ণিত স্থানে কার্য সম্পাদনের জন্য পরিশোধযোগ্য সকল শুল্ক ও কর সরবরাহকারী পরিশোধ করিতে বাধ্য থাকিবেন। |
| ২২। | বিলম্বে মালামাল সরবরাহের জরিমানা | ঃ যথাসময়ে মালামাল সরবরাহে ব্যর্থ হইলে প্রতি দিন বিলম্বের জন্য বিলম্বে সরবরাহকৃত মালামালের চুক্তি মূল্যের ১% এর $\frac{১}{১০}$ অংশ হিসাবে সরবরাহকৃত মালামালের মূল্য হইতে কর্তন করা হইবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট চুক্তি মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হইবে না। বিলম্ব সময়সীমার মধ্যে মালামাল সরবরাহে ব্যর্থ হইলে কার্যাদেশ বাতিলসহ কালো তালিকাভূক্ত করা হইবে। |

পরিশিষ্ট - ‘ক’

দরদাতা প্রতিষ্ঠানের নাম -----------------------------------

**জীপ গাড়ী নং-গাজীপুর-ঘ-১১-০০৫৬ এর যন্ত্রাংশ পরিবর্তন ও মেরামতের স্পেসিফিকেশন ও মূল্য তালিকা**

| ক্র নং | মালামালের বিবরণ | একক | পরিমাণ | উদ্ধৃত মূল্য (টাকা) | |
|---|---|---|---|---|---|
| | | | | একক মূল্য | মোট মূল্য |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬)=(৪×৫) |
| ০১ | ক্লাচ প্লেট পরিবর্তন | সেট | ০১ | | |
| ০২ | প্রেশার প্লেট পরিবর্তন | সেট | ০১ | | |
| ০৩ | রিলিজ বিয়ারিং পরিবর্তন | টি | ০১ | | |
| ০৪ | পাইলট বিয়ারিং পরিবর্তন | টি | ০১ | | |
| ০৫ | টপসেপ্ট বিয়ারিং পরিবর্তন | টি | ০১ | | |
| ০৬ | টপসেপ্ট রিপিয়ারিং | L/S | -- | | |
| ০৭ | গিয়ার বক্স মাউন্টিং | টি | ০১ | | |
| ০৮ | বলজয়েন্ট পরিবর্তন | সেট | ০১ | | |
| ০৯ | টাইরড পরিবর্তন | সেট | ০১ | | |
| ১০ | ন্যাকাল জয়েন্ট পরিবর্তন | সেট | ০১ | | |
| ১১ | লিংক রড পরিবর্তন | সেট | ০১ | | |
| ১২ | পাওয়ার মটর পরিবর্তন | সেট | ০১ | | |
| ১৩ | পাওয়ার ওয়েল পরিবর্তন | লিটার | ২ | | |
| ১৪ | গিয়ার ওয়েল পরিবর্তন | লিটার | ৮ | | |
| ১৫ | এয়ার ফিল্টার পরিবর্তন | টি | ০১ | | |
| ১৬ | ন্যাকাল বুট কভার পরিবর্তন | সেট | ০১ | | |
| ১৭ | শক এবজারবার বুশ পরিবর্তন | সেট | ০১ | | |
| ১৮ | রেডি ওয়াটার ক্যাপ পরিবর্তন | টি | ০১ | | |
| ১৯ | লেদ মেশিন চার্জ | L/S | -- | | |
| ২০ | সমস্ত কাজের মজুরী | L/S | -- | | |
| | | | | মোট উদ্ধৃত মূল্য= | |

সর্বমোট কথায় ঃ- (------------------------------------------------------- )।

দরদাতার স্বাক্ষর ও সীল

গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ ★ রাজেন্দ্রপুর, গাজীপুর ★

পরিশিষ্ট -'খ'

দরদাতা প্রতিষ্ঠানের নামঃ.................................................

# সরবরাহ সময়সীমার তালিকা

| মালামালের বিবরণ | পরিমাণ | সরবরাহ সময়সীমা (সমিতি কর্তৃক পূরণীয়) | উদ্ধৃত সময়সীমা (দরদাতা কর্তৃক পূরণীয়) | যে স্থান হতে সরবরাহ করা হইবে (দরদাতা কর্তৃক পূরণীয়) | যে স্থানে সরবরাহ করা হইবে |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| Tender Package No: Gazi2-W-24-25.077.48<br><br>**জীপ গাড়ী নং-গাজীপুর ঘ-১১-০০৫৬ এর যন্ত্রাংশ পরিবর্তন ও মেরামত** | ১০০% | চুক্তি সম্পাদনের তারিখ হইতে ১৫(পনের) দিন | - | - | গাজীপুরপল্লী বিদ্যুৎ সমিতি-২, রাজেন্দ্রপুর, গাজীপুর। |

নোট : চুক্তি সম্পাদনের তারিখকে সরবরাহ সময়সীমা শুরু হইবার তারিখ হিসাবে গণ্য করা হইবে।

---------------------------
দরদাতার স্বাক্ষর

সীলমোহর

গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ ★ রাজেন্দ্রপুর, গাজীপুর ★

পরিশিষ্ট- 'গ '

# দরপত্র ফরম

সিনিয়র জেনারেল ম্যানেজার
গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২
রাজেন্দ্রপুর, গাজীপুর।

প্রিয় মহোদয় ,

আমি/আমরা নিম্নস্বাক্ষরকারী (গণ) দরপত্র দলিল (টেন্ডার ডকুমেন্ট) পুঙ্খানুপুঙ্খ যাচাই পূর্বক (সংশোধনসহ) প্রদত্ত সিডিউল মোতাবেক ২০ টি আইটেমের **জীপ গাড়ী নং-গাজীপুর-ঘ-১১-০০৫৬ এর যন্ত্রাংশ পরিবর্তন ও মেরামতের** জন্য মোট ------------------------- (কথায় ------- ----------------------------------------) টাকায় সরবরাহ করার প্রস্তাব করিতেছি।

আমার / আমাদের দরপত্র গৃহীত হইলে আমি/আমরা উদ্ধৃত সময়সীমা অর্থাৎ সরবরাহতব্য কাজের ১০০% ----------- দিনের মধ্যে সরবরাহ করিতে বাধ্য থাকিব ।

আমার / আমাদের দরপত্র গৃহীত হইলে দরপত্র দলিলের (৬) অনুচ্ছেদে উল্লেখিত সময়ের জন্য উদ্ধৃত দর বৈধ থাকিবে এবং ঐ সময়ের মধ্যে কার্যাদেশ প্রদান করা হইলে কার্যাদেশ অনুযায়ী মালামাল সরবরাহ করিতে বাধ্য থাকিব।

আপনার প্রদত্ত কার্যাদেশ গাজীপুর বিদ্যুৎ সমিতি-২ এবং আমাদের মধ্যে চুক্তি হিসাবে গণ্য হইবে।

আমি/আমরা জ্ঞাত আছি যে আপনি সর্বনিম্ন দর অথবা যে কোন দরপত্র গ্রহণে বাধ্য নহেন।

দরদাতার স্বাক্ষর

নাম ঃ

পদবী ঃ

পূর্ণ ঠিকানা ঃ

ফোন/ মোবাইল নং-

গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ ★ রাজেন্দ্রপুর, গাজীপুর ★

# গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২

## রাজেন্দ্রপুর, গাজীপুর।

### দরপত্রের সহিত সংযুক্ত দরপত্র জামানত এর বিবরণ

জামানতের পরিমাণ ঃ..................................কথায়...............................................

নম্বর...........................................তারিখ ঃ........................................................

ব্যাংকের নাম/শাখার নাম/ঠিকানাঃ.......

গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ ★ রাজেন্দ্রপুর, গাজীপুর ★